গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নির্বাহী পরিচালক, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ

এবং

সচিব, সেতু বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২১ - জুন ৩০, ২০২২

# সূচিপত্র


দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৫

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১৬

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৯

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ২০

# দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview of the Performance of the Department/Organization)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

সাম্প্রতিক সময়ে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়নাধীন পদ্মা বহুমুখী সেতু প্রকল্পের মূল সেতুর নির্মাণ কাজের ৯৫% ভৌত অগ্রগতি অর্জিত হয়েছে। ঢাকা শহরের যানজট নিরসনে র‌্যাম্পসহ ৪৬.৭৩ কিলোমিটার দীর্ঘ ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ের নির্মাণ কাজের প্রথম ট্রাঞ্চের ৬৬% ভৌত অগ্রগতি সাধিত হয়েছে। কর্ণফুলী নদীর তলদেশে ৩.২৩ কিলোমিটার দীর্ঘ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান টানেলের ৭০% ভৌত অগ্রগতি এবং বিআরটি প্রকল্পের এলিভেটেড অংশ নির্মাণের ভৌত অগ্রগতি ৪৫% অর্জিত হয়েছে। হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর হতে আশুলিয়া হয়ে ঢাকা ইপিজেড পর্যন্ত ২৪ কিলোমিটার এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণে ভূমি অধিগ্রহণ বাবদ ১২২৬ কোটি টাকা পরিশোধ করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত কচুয়া-বেতাগী-পটুয়াখালী সড়কে পায়রা নদীর উপর ১৬৯০ মিটার দীর্ঘ সেতু নির্মাণে ঠিকাদার নিয়োগের কার্যক্রম চলমান রয়েছে। ২২৪২ কোটি ৭৭ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে পঞ্চবটি হতে 'মুক্তারপুর সেতু পর্যন্ত সড়ক প্রশস্তকরণ ও দোতলা রাস্তা নির্মাণ' শীর্ষক প্রকল্পটি একনেক কর্তৃক অনুমোদিত হয়েছে। কিশোরগঞ্জ জেলার মিঠামইন উপজেলা হতে করিমগঞ্জ উপজেলা পর্যন্ত প্রায় ১৩ কিলোমিটার উড়াল সড়ক নির্মাণে সম্ভাব্যতা সমীক্ষা শুরু হয়েছে। ভুলতা-আড়াইহাজার-বাঞ্ছারামপুর সড়কে মেঘনা নদীর উপর ১.৬৮ কিলোমিটার দীর্ঘ সেতু পিপিপি ভিত্তিতে নির্মাণে বিনিয়োগকারী প্রাথমিকভাবে নির্বাচন করা হয়েছে।চাঁদপুর ও শরীয়তপুর জেলার মধ্যবর্তী মেঘনা নদীসহ চারটি সেতু নির্মাণসহ ঢাকা ইনার এলিভেটেড এক্সপ্রেসওয়ে ও সেতু কর্তৃপক্ষের জন্য দীর্ঘমেয়াদি মাস্টারপ্ল্যান প্রণয়নের জন্য পরামর্শক নিয়োগ চূড়ান্ত হয়েছে। ঢাকায় সাবওয়ে নির্মাণে ২৫৮ কিলোমিটার রুট এ্যালাইনমেন্ট চিহ্নিত করা হয়েছে। এছাড়া বাসেকের আওতাধীন সেতুসমূহ সড়কপথে যানজট হ্রাসে সহায়তার পাশাপাশি কার্বন নিঃসরণ হ্রাস,শব্দ দূষণ কমানো এবং বিনিয়োগবান্ধব পরিবেশ সৃষ্টিতে ভূমিকা রাখছে। অন্যদিকে ২০১৯-২০২০ অর্থবছরে ৯৯.৭৭% এডিপি বাস্তবায়িত হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে কিছু সমস্যা/চ্যালেঞ্জও রয়েছে। এ সমস্ত সমস্যা/চ্যালেঞ্জের মধ্যে রয়েছে পদ্মা বহুমুখী সেতু প্রকল্প এলাকায় এবং বঙ্গবন্ধু সেতু এলাকায় নদী ভাঙ্গন। তাছাড়া বিআরটি প্রকল্পের নির্মাণ কাজ চলাকালে যানবাহন ব্যবস্থাপনা ইত্যাদিও সমস্যা/চ্যালেঞ্জ হিসেবে দেখা হচ্ছে। এছাড়া, বৈশ্বিক মহামারী কোভিড-১৯ এর কারণেও প্রকল্প বাস্তবায়নে প্রতিবন্ধকতা সৃষ্টি হয়েছে।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

উল্লিখিত চ্যালেঞ্জসমূহ মোকাবেলায় পদ্মা বহুমুখী সেতু প্রকল্পে ও বঙ্গবন্ধু সেতু এলাকায় নদীভাঙ্গনের জরুরী প্রতিরক্ষামূলক কাজ(সেতুর স্থায়ীত্ব রক্ষাকল্পে রুটিন কাজ হিসেবে বিবেচ্য); বিআরটি প্রকল্পের নির্মাণ কাজ চলাকালে যানবাহন চলাচল সচল রাখার জন্য প্রয়োজনীয় ট্রাফিক ম্যানেজমেন্ট ব্যবস্থা এবং কোভিড-১৯ মোকাবেলায় স্বাস্থ্যবিধি মেনে কার্যক্রম গ্রহন করা হচ্ছে। এছাড়া, আগামী ২০৩০ সালের মধ্যে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের উল্লেখযোগ্য সংখ্যক প্রকল্প, যেমন- ঢাকা ইস্ট ওয়েস্ট এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ, ভুলতা-আড়াইহাজার-বাঞ্ছারামপুর-নবীনগর সড়কে মেঘনা নদীর উপর সেতু নির্মাণ , বরিশাল-ভোলা সড়কে তেতুলিয়া ও কালাবদর নদীর উপর সেতু নির্মাণের লক্ষ্যে পুনরায় নিবিড়ভাবে সমীক্ষা কার্যক্রম পরীক্ষা, পটুয়াখালী-আমতলী-বরগুনা সড়কে পায়রা নদীর উপর সেতু নির্মাণ, বড়গুনা-পাথরঘাটা সড়কে বিষখালী নদীর উপর সেতু নির্মাণ এবং বাকেরগঞ্জ-বাউফল সড়কে কারখানা নদীর উপর সেতু নির্মাণের পরিকল্পনা রয়েছে। এছাড়া বিদ্যমান সেতুসমূহ উন্নয়নের মাধ্যমে সকল জেলার জন্য আন্তঃজেলা সংযোগশীলতা নিশ্চিত করা হবে। এছাড়াও বিদ্যমান সেতুসমূহ উন্নয়নের মাধ্যমে সকল জেলার জন্য আন্তঃজেলা সংযোগশীলতা নিশ্চিত করা হবে।সেতুর জন্য টোল আদায় হতে রক্ষণাবেক্ষণ ব্যয় আসবে।

**২০২১-২২ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- পদ্মা বহুমুখী সেতু নির্মাণ প্রকল্পের মূল সেতুর ১০০%, নদীশাসন কাজের ১০০% সম্পন্ন করা;
- কর্ণফুলী নদীর তলদেশে টানেল নির্মাণ কাজের ৮৫% সম্পন্ন করা ;
- ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রকল্পের প্রথম ট্রাঞ্চের ৮০% ভৌত নির্মাণ কাজ সম্পন্ন করা;
- ঢাকা শহরে সাবওয়ে নির্মাণের সম্ভাব্যতা সমীক্ষা ১০০% সম্পন্ন করা।

## প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

নির্বাহী পরিচালক, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ

এবং

সচিব, সেতু বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়-এর মধ্যে ২০২১ সালের জুন মাসের ২৯ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

**১.১ রূপকল্প (Vision)**

দেশব্যাপী নিরবচ্ছিন্ন পরিবহন (ট্রান্সপোর্টেশন) নেটওয়ার্ক।

# ১.২ অভিলক্ষ্য (Mission)

১৫০০ মিটার ও তদূর্ধ্ব সেতু, টোল রোড, টানেল, ফ্লাইওভার, এক্সপ্রেসওয়ে, দ্বিতল সড়ক, এলিভেটেড এক্সপ্রেসওয়ে, সাবওয়ে, কজওয়ে, রিং রোড ইত্যাদি নির্মাণ ও রক্ষণাবেক্ষণের মাধ্যমে নিরবচ্ছিন্ন পরিবহন ব্যবস্থা নিশ্চিতকরণ ও এর দক্ষতা বৃদ্ধি করা।

**১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র**

**১.৩.১ দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের ক্ষেত্র**

১. সমন্বিত ও নিরবচ্ছিন্ন পরিবহন (ট্রান্সপোর্টেশন) ব্যবস্থা নিশ্চিতকরণে সহায়তা করা;
২. পরিবহন ব্যবস্থার দক্ষতা বৃদ্ধি করা;
৩. বড় বড় শহরের যানজট হ্রাসকরণে সহায়তা করা;
৪. দাপ্তরিক কার্যক্রমের মানোন্নয়ন নিশ্চিত করা।

**১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র**

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

**১.৪ কার্যাবলি (Functions)**

১. ১৫০০ মিটার ও তদূর্ধ্ব সেতু, টোল রোড, টানেল, ফ্লাইওভার, এক্সপ্রেসওয়ে, দ্বিতল সড়ক, এলিভেটেড এক্সপ্রেসওয়ে, সাবওয়ে, কজওয়ে, রিং রোড ইত্যাদি পরিকল্পনা, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন;
২. এ সকল সেতু, টানেল ও স্থাপনা ব্যবহারকারী বিভিন্ন শ্রেণির যানবাহনের টোল নির্ধারণ ও আদায়;
৩. এ সকল সেতু, টানেল ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণ;
৪. বৃহৎ সেতু ও অন্যান্য স্থাপনার নির্ধারিত এলাকাসমূহের নিরাপত্তা নিশ্চিত করা।

## সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা ২০২১-২২ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্হাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২২-২০২৩ | ২০২৩-২০২৪ | | |
| বিভিন্ন সেতু নির্মাণের মাধ্যমে নিরবচ্ছিন্ন পরিবহন ব্যবস্থা নিশ্চিতকরণ | দক্ষিণ ও দক্ষিণ-পশ্চিমাঞ্চলের সাথে ঢাকাসহ পূর্বাঞ্চলের যাতায়াত সময় হ্রাস | % | ০ | ০ | ৩০ | ৩০ | ৩০ | পানি উন্নয়ন বোর্ড, পানি সম্পদ মন্ত্রণালয় | নির্বাচনী ইশতেহার ২০১৮, বাংলাদেশ প্রেক্ষিত পরিকল্পনা ২০২১-২০৪১, সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন/স্টাডি রিপোর্ট |
| পরিবহন ব্যবস্থার দক্ষতা বৃদ্ধি | ঢাকা-গাজীপুর যাতায়াত সময় হ্রাস | % | ০ | ০ | ০ | ১৫ | ১৫ | সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় | বাংলাদেশ প্রেক্ষিত পরিকল্পনা ২০২১-২০৪১, টেকসই উন্নয়ন অভীষ্ট বাংলাদেশ ২০৩০, সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন/স্টাডি রিপোর্ট |
| দ্বিতল সড়ক নির্মাণের মাধ্যমে সড়কপথে যানজট হ্রাসকরণে সহায়তাকরণ | ঢাকা ইপিজেড হতে কুতুবখালী ভ্রমণ সময় হ্রাস | % | ০ | ০ | ১০ | ১৫ | ২০ | | টেকসই উন্নয়ন অভীষ্ট বাংলাদেশ ২০৩০,8th Five Year Plan (FY2021-FY2025), সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন/স্টাডি রিপোর্ট |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩
# কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | প্রক্ষেপণ ২০২২-২০২৩ | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সমন্বিত ও নিরবচ্ছিন্ন পরিবহন (ট্রান্সপোর্টেশন) ব্যবস্থা নিশ্চিতকরণে সহায়তা করা; | ২৫ | [১.১] পদ্মা বহুমুখী সেতু নির্মাণ | [১.১.১] পুনর্বাসন প্লট বরাদ্দকৃত পরিবার | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ৪ | ২৯০৬ | ৩০১৩ | ৩১৮৮ | ৩১৫৩ | ৩১১৮ | ৩০৮৩ | ৩০৪৮ | | |
| | | | [১.১.২] মূল সেতু নির্মাণের সম্পাদিত ভৌত নির্মাণ কাজ | ক্রমপুঞ্জিভূত | % | ৪ | ৮৯ | ৯৫ | ১০০ | ৯৯ | ৯৮ | ৯৭ | ৯৬ | | |
| | | | [১.১.৩] নদীশাসন কাজের সম্পাদিত ভৌত নির্মাণ কাজ | ক্রমপুঞ্জিভূত | % | ২ | ৭৩ | ৮৭ | ১০০ | ৯৭ | ৯৫ | ৯৩ | ৯০ | | |
| | | | [১.১.৪] এপিএ টিম/ সংশ্লিষ্ট প্রকল্প মনিটরিং টিম কর্তৃক পদ্মা বহুমুখী সেতু নির্মাণ প্রকল্পের ভৌত ও আর্থিক কার্যক্রম পরিদর্শন সম্পাদিত | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ১ | ২ | ২ | ২ | ১ | | | | ২ | ২ |
| | | [১.২] বঙ্গবন্ধু সেতু ও সংযোগ সড়কের রক্ষণাবেক্ষণ, নিরাপত্তা ও উন্নয়ন কার্যক্রম | [১.২.১] বঙ্গবন্ধু সেতুর নদীশাসন কাজের নিরাপত্তার জন্য Hydraulic ও Morphological অবস্থা পর্যবেক্ষণের রিপোর্ট দাখিলকৃত | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ২ | ২ | ২ | ২ | ১ | | | | ২ | |
| | | | [১.২.২] বঙ্গবন্ধু সেতুর নদীশাসন ও অন্যান্য কার্যক্রম পরিদর্শন সম্পাদিত | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | ২ | ১ | | | |
| | | | [১.২.৩] বঙ্গবন্ধু সেতুর ট্রাক লেন RCC করণের ভৌত কাজ সম্পাদিত | ক্রমপুঞ্জিভূত | % | ২ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | | [১.২.৪] বঙ্গবন্ধু সেতুতে মিউজিয়াম নির্মাণের ঠিকাদার নিয়োজিত | তারিখ | তারিখ | ২ | | | ৩১.০৫.২২ | ০৭.০৬.২২ | ১৪.০৬.২২ | ২১.০৬.২২ | ৩০.০৬.২২ | | |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | প্রক্ষেপণ ২০২২-২০২৩ | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| | | | [১.২.৫] বঙ্গবন্ধু সেতুর Contract-7 রোডের সম্পাদিত সংস্কার কাজ | ক্রমপুঞ্জিভূত | % | ২ | | ৮০ | ১০০ | ৯৮ | ৯৬ | ৯৪ | ৯২ | | |
| | | | [১.২.৬] বঙ্গবন্ধু সেতুতে মসজিদ নির্মাণের ভৌত কাজ সম্পাদিত | ক্রমপুঞ্জিভূত | % | ২ | | | ২০ | ১৮ | ১৫ | ১২ | ১০ | ১০০ | |
| | | [১.৩] মুক্তারপুর সেতু ও এপ্রোচ রোড রক্ষণাবেক্ষণ কার্যক্রম | [১.৩.১] মুক্তারপুর সেতুর BISIC ভবন নির্মাণের ভৌত কাজ সম্পাদিত | ক্রমপুঞ্জিভূত | % | ২ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| [২] পরিবহন ব্যবস্থার দক্ষতা বৃদ্ধি করা; | ২৫ | [২.১] বিআরটি করিডোরের এলিভেটেড অংশ নির্মাণ | [২.১.১] সম্পাদিত ভৌত নির্মাণ কাজ | ক্রমপুঞ্জিভূত | % | ২ | ৩০ | ৪৫ | ৮০ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ | ১০০ | |
| | | | [২.১.২] এপিএ টিম/ সংশ্লিষ্ট প্রকল্প মনিটরিং টিম কর্তৃক বিআরটি করিডোরের এলিভেটেড অংশ নির্মাণের ভৌত ও আর্থিক কার্যক্রম পরিদর্শন সম্পাদিত | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ১ | | | ৩ | ২ | ১ | | | ৩ | ৩ |
| | | [২.২] কর্ণফুলী টানেল নির্মাণ | [২.২.১] সম্পাদিত ভৌত নির্মাণ কাজ | ক্রমপুঞ্জিভূত | % | ৪ | ৫৬ | ৭০ | ৮৫ | ৮৩.৫ | ৮২ | ৮০.৫ | ৭৯ | ১০০ | |
| | | | [২.২.২] উভয় প্রান্তের টানেল এপ্রোচ সড়কের সম্পাদিত ভৌত নির্মাণ কাজ | ক্রমপুঞ্জিভূত | % | ৩ | ১০ | ৩০ | ৭৫ | ৭০.৫ | ৬৬ | ৬১.৫ | ৫৭ | ১০০ | |
| | | | [২.২.৩] এপিএ টিম/ সংশ্লিষ্ট প্রকল্প মনিটরিং টিম কর্তৃক কর্ণফুলী টানেল নির্মাণ প্রকল্পের ভৌত ও আর্থিক কার্যক্রম পরিদর্শন সম্পাদিত | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ২ | ২ | ২ | ২ | ১ | | | | ২ | ২ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপণ ২০২২-২০২৩ | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| | | [২.৩] কচুয়া-বেতাগী-পটুয়াখালী-সড়কে পায়রা সেতু নির্মাণ | [২.৩.১] নির্মাণ তদারকি কাজের পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক Inception রিপোর্ট দাখিলকৃত | তারিখ | তারিখ | ২ | | | ৩০.১১.২১ | ১৫.১২.২১ | ৩১.১২.২১ | ১৬.০১.২২ | ৩১.০১.২২ | | |
| | | | [২.৩.২] ভৌত নির্মাণ কাজের চুক্তি সম্পাদিত | তারিখ | তারিখ | ১ | | | ৩১.০১.২২ | ২৮.০২.২২ | ৩১.০৩.২২ | ৩০.০৪.২২ | ৩১.০৫.২২ | | |
| | | | [২.৩.৩] এপিএ টিম/ সংশ্লিষ্ট প্রকল্প মনিটরিং টিম কর্তৃক পায়রা সেতু নির্মাণ প্রকল্পের ভৌত ও আর্থিক কার্যক্রম পরিদর্শন সম্পাদিত | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ১ | | | ২ | ১ | | | | ২ | ২ |
| | | [২.৪] পঞ্চবটি হতে মুক্তারপুর সেতু পর্যন্ত সড়ক প্রশস্তকরণ ও দোতলা রাস্তা নির্মাণ | [২.৪.১] RAP ও LAP Implementation এর Consultant(NGO) নিয়োজিত | তারিখ | তারিখ | ২ | | | ৩১.১২.২১ | ০৯.০১.২২ | ১৬.০১.২২ | ২৩.০১.২২ | ৩১.০১.২২ | | |
| | | | [২.৪.২] ভৌত নির্মাণ তদারকি কাজের পরামর্শক প্রতিষ্ঠান নিয়োজিত | তারিখ | তারিখ | ১ | | | ৩১.০৩.২২ | ১০.০৪.২২ | ১৭.০৪.২২ | ২৪.০৪.২২ | ৩০.০৪.২২ | | |
| | | | [২.৪.৩] ভৌত নির্মাণ কাজের ঠিকাদার নিয়োজিত | তারিখ | তারিখ | ১ | | | ৩১.০৩.২২ | ১০.০৪.২২ | ১৭.০৪.২২ | ২৪.০৪.২২ | ৩০.০৪.২২ | | |
| | | [২.৫] কিশোরগঞ্জ জেলার মিঠামইন উপজেলা হতে করিমগঞ্জ উপজেলা পর্যন্ত উড়াল সড়ক নির্মাণ | [২.৫.১] খসড়া চূড়ান্ত সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | তারিখ | ১ | | | ৩১.০৫.২২ | ০৮.০৬.২২ | ১৫.০৬.২২ | ২২.০৬.২২ | ৩০.০৬.২২ | | |
| | | [২.৬] ভুলতা-আড়াইহাজার-বাঞ্ছারামপুর সড়কে মেঘনা নদীর উপর সেতু নির্মাণ | [২.৬.১] ভূমি অধিগ্রহণ পরিকল্পনা প্রণীত | তারিখ | তারিখ | ১ | | | ৩০.০৪.২২ | ০৮.০৫.২২ | ১৫.০৫.২২ | ২২.০৫.২২ | ৩১.০৫.২২ | | |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | প্রক্ষেপণ ২০২২-২০২৩ | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| | | | [২.৬.২] পুনর্বাসন পরিকল্পনা প্রণীত | তারিখ | তারিখ | ১ | | | ৩১.০৫.২২ | ০৭.০৬.২২ | ১৫.০৬.২২ | ২২.০৬.২২ | ৩০.০৬.২২ | | |
| | | | [২.৬.৩] এলাইনমেন্ট চূড়ান্তকৃত | তারিখ | তারিখ | ১ | | | ৩০.১১.২১ | ১০.১২.২১ | ১৭.১২.২১ | ২৪.১২.২১ | ৩১.১২.২১ | | |
| | | [২.৭] মেঘনা নদীর উপর শরীয়তপুর-চাঁদপুর সড়কে ও মুন্সীগঞ্জ-গজারিয়া সড়কে সেতু নির্মাণের সম্ভাব্যতা সমীক্ষা | [২.৭.১] Inception Report দাখিলকৃত | তারিখ | তারিখ | ১ | | | ৩১.১২.২১ | ০৯.০১.২২ | ১৬.০১.২২ | ২৩.০১.২২ | ৩১.০১.২২ | | |
| [৩] বড় বড় শহরের যানজট হ্রাসকরণে সহায়তা করা; | ১০ | [৩.১] সাপোর্ট টু ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্পের ভূমি অধিগ্রহণ ও পুনর্বাসন কার্যক্রম | [৩.১.১] পুর্নবাসন ভিলেজ নির্মাণ কাজ সম্পাদিত | ক্রমপুঞ্জিভূত | % | ৪ | ৬৫ | ৮৫ | ১০০ | ৯৭ | ৯৪ | ৯১ | ৮৮ | | |
| | | | [৩.১.২] এপিএ টিম/ সংশ্লিষ্ট প্রকল্প মনিটরিং টিম কর্তৃক সাপোর্ট টু ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্পের ভৌত ও আর্থিক কার্যক্রম পরিদর্শন সম্পাদিত | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ১ | | ১ | ২ | ১ | | | | ২ | ২ |
| | | [৩.২] ঢাকা আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ | [৩.২.১] ড্রাফট ডিটেইল ডিজাইন কাজ সম্পাদিত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | ৬০ | ৮০ | ১০০ | ৯৮ | ৯৬ | ৯৪ | ৯২ | | |
| | | | [৩.২.২] ডিটেইল ডিজাইনের জন্য Subsoil Investigation কাজ সম্পাদিত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | ১০ | ৬০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | | [৩.২.৩] এপিএ টিম/ সংশ্লিষ্ট প্রকল্প মনিটরিং টিম কর্তৃক ঢাকা আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্পের ভৌত ও আর্থিক কার্যক্রম পরিদর্শন সম্পাদিত | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ১ | | | ২ | ১ | | | | ২ | ২ |
| | | [৩.৩] ঢাকা সাবওয়ে নির্মাণ | [৩.৩.১] সম্ভাব্যতা সমীক্ষা কাজ সম্পাদিত | ক্রমপুঞ্জিভূত | % | ২ | ৩৫ | ৭০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | প্রক্ষেপণ ২০২২-২০২৩ | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [৪] দাপ্তরিক কার্যক্রমের মানোন্নয়ন নিশ্চিত করা। | ১০ | [৪.১] মুজিববর্ষ উদযাপন উপলক্ষ্যে গৃহীত পদক্ষেপ | [৪.১.১] বঙ্গবন্ধু সেতুর পশ্চিম টোল প্লাজায় মোটর সাইকেলের জন্য পৃথক দুটি লেন প্রস্তুতকৃত | তারিখ | তারিখ | ২ | | | ৩০.১১.২১ | ০৭.১২.২১ | ১৪.১২.২১ | ২৩.১২.২১ | ৩১.১২.২১ | | |
| | | [৪.২] প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি | [৪.২.১] সমসাময়িক বিষয় নিয়ে লার্নিং সেশন/প্রশিক্ষণ/সেমিনার/ওয়ার্কশপ আয়োজিত | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ৩ | | ০ | ৬ | ৫ | | | | ২ | ২ |
| | | | [৪.২.২] এপিএ টিমের কর্মকর্তাদের দেশে/বিদেশে প্রশিক্ষণ ও শিক্ষা সফরে প্রেরিত | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | ১ | | | | ২ | ২ |
| | | | [৪.২.৩] বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | তারিখ | ১ | | | ৩১.১২.২১ | ০৯.০১.২২ | ১৬.০১.২২ | ২৩.০১.২২ | ৩১.০১.২২ | | |
| | | | [৪.২.৪] সেতু ভবনের সার্ভেইল্যান্স সিস্টেম উন্নীতকরণের কাজ সম্পাদিত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | | [৪.২.৫] সেতুর টোল হার নির্ধারণ/পুনঃনির্ধারণকৃত | তারিখ | তারিখ | ১ | | | ০১.০৬.২২ | ০৮.০৬.২২ | ১৫.০৬.২২ | ২২.০৬.২২ | ৩০.০৬.২২ | | |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | প্রক্ষেপণ ২০২২-২০২৩ | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, নির্বাহী পরিচালক, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ, সচিব, সেতু বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, সেতু বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় হিসাবে নির্বাহী পরিচালক, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

২৯.০৬.২১.

নির্বাহী পরিচালক
বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ

তারিখ

২৯.০৬.২০২১

সচিব
সেতু বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

তারিখ

## সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | আরএপি | রিসেটেলমেন্ট এ্যাকশন প্ল্যান |
| ২ | আরএফপি | রিকোয়েস্ট ফর প্রপোজাল |
| ৩ | আরএস | রিসেটেলমেন্ট সাইট |
| ৪ | আরসিসি | রি-ইনফোর্সড সিমেন্ট কনক্রিট |
| ৫ | ইআরডি | ইকোনোমিক রিলেশনস ডিভিশন |
| ৬ | ইএমপি | এনভায়রনমেন্টাল ম্যানেজমেন্ট প্ল্যান |
| ৭ | ইওআই | এক্সপ্রেশন অফ ইন্টারেস্ট |
| ৮ | এফডিইই | ফার্স্ট ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে কোম্পানী লিমিটেড |
| ৯ | এমএসসি | ম্যানেজমেন্ট সাপোর্ট কনসালটেন্ট |
| ১০ | এমওইউ | মেমোরেন্ডাম অফ আন্ডারস্ট্যান্ডিং |
| ১১ | এমবি | মেজারমেন্ট বুক |
| ১২ | এলএপি | ল্যান্ড একুইজিশন প্ল্যান |
| ১৩ | জিটুজি | গভর্ণমেন্ট টু গভর্ণমেন্ট |
| ১৪ | ডিডি | ডিটেইলড ডিজাইন |
| ১৫ | ডিপিপি | ডেভেলপমেন্ট প্রজেক্ট প্রোফর্মা |
| ১৬ | ডিবিএসটি | ডাবল বিটুমিনাস সারফেস ট্রিটমেন্ট |
| ১৭ | পিএমবিপি | পদ্মা মাল্টিপারপাস ব্রিজ প্রজেক্ট |
| ১৮ | পিপিপি | পাবলিক প্রাইভেট পার্টনারশিপ |
| ১৯ | বাসেক | বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ |
| ২০ | বিআরটি | বাস র‌্যাপিড ট্রানজিট |
| ২১ | সিএসসি | কনস্ট্রাকশন সুপারভিশন কনসালটেন্ট |
| ২২ | সিসিইএ | ক্যাবিনেট কমিটি অন ইকোনোমিক অ্যাফেয়ার্স |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] পদ্মা বহুমুখী সেতু নির্মাণ | [১.১.১] পুনর্বাসন প্লট বরাদ্দকৃত পরিবার | প্রকল্প দপ্তর, পদ্মা সেতু নির্মাণ প্রকল্প | প্রকল্প হতে প্রাপ্ত অগ্রগতি প্রতিবেদন ও PSC/PIC সভার কার্যবিবরণী |
| | [১.১.২] মূল সেতু নির্মাণের সম্পাদিত ভৌত নির্মাণ কাজ | প্রকল্প দপ্তর, পদ্মা সেতু নির্মাণ প্রকল্প | প্রকল্প হতে প্রাপ্ত অগ্রগতি প্রতিবেদন ও PSC/PIC সভার কার্যবিবরণী |
| | [১.১.৩] নদীশাসন কাজের সম্পাদিত ভৌত নির্মাণ কাজ | প্রকল্প দপ্তর, পদ্মা সেতু নির্মাণ প্রকল্প | প্রকল্প হতে প্রাপ্ত অগ্রগতি প্রতিবেদন ও PSC/PIC সভার কার্যবিবরণী |
| | [১.১.৪] এপিএ টিম/ সংশ্লিষ্ট প্রকল্প মনিটরিং টিম কর্তৃক পদ্মা বহুমুখী সেতু নির্মাণ প্রকল্পের ভৌত ও আর্থিক কার্যক্রম পরিদর্শন সম্পাদিত | এপিএ টিম/সংশ্লিষ্ট প্রকল্প মনিটরিং টিম | পরিদর্শন প্রতিবেদনের কপি |
| [১.২] বঙ্গবন্ধু সেতু ও সংযোগ সড়কের রক্ষণাবেক্ষণ, নিরাপত্তা ও উন্নয়ন কার্যক্রম | [১.২.১] বঙ্গবন্ধু সেতুর নদীশাসন কাজের নিরাপত্তার জন্য Hydraulic ও Morphological অবস্থা পর্যবেক্ষণের রিপোর্ট দাখিলকৃত | কারিগরী অনুবিভাগ, নদীশাসন শাখা | সংশ্লিষ্ট শাখা হতে প্রেরিত প্রত্যয়নপত্র |
| | [১.২.২] বঙ্গবন্ধু সেতুর নদীশাসন ও অন্যান্য কার্যক্রম পরিদর্শন সম্পাদিত | কারিগরী অনুবিভাগ, নদীশাসন শাখা | সংশ্লিষ্ট শাখা হতে প্রেরিত প্রত্যয়নপত্র |
| | [১.২.৩] বঙ্গবন্ধু সেতুর ট্রাক লেন RCC করণের ভৌত কাজ সম্পাদিত | কারিগরী অনুবিভাগ, সেতু শাখা | সংশ্লিষ্ট শাখা হতে প্রেরিত প্রত্যয়নপত্র |
| | [১.২.৪] বঙ্গবন্ধু সেতুতে মিউজিয়াম নির্মাণের ঠিকাদার নিয়োজিত | কারিগরী অনুবিভাগ, সেতু শাখা | সংশ্লিষ্ট শাখা হতে প্রেরিত প্রত্যয়নপত্র |
| [১.২] বঙ্গবন্ধু সেতু ও সংযোগ সড়কের রক্ষণাবেক্ষণ, নিরাপত্তা ও উন্নয়ন কার্যক্রম | [১.২.৫] বঙ্গবন্ধু সেতুর Contract-7 রোডের সম্পাদিত সংস্কার কাজ | কারিগরী অনুবিভাগ, সড়ক শাখা | সংশ্লিষ্ট শাখা হতে প্রেরিত প্রত্যয়নপত্র |
| | [১.২.৬] বঙ্গবন্ধু সেতুতে মসজিদ নির্মাণের ভৌত কাজ সম্পাদিত | কারিগরী অনুবিভাগ, সড়ক শাখা | সংশ্লিষ্ট শাখা হতে প্রেরিত প্রত্যয়নপত্র |
| [১.৩] মুক্তারপুর সেতু ও এপ্রোচ রোড রক্ষণাবেক্ষণ কার্যক্রম | [১.৩.১] মুক্তারপুর সেতুর BISIC ভবন নির্মাণের ভৌত কাজ সম্পাদিত | কারিগরী অনুবিভাগ, সড়ক শাখা | সংশ্লিষ্ট শাখা হতে প্রেরিত প্রত্যয়নপত্র |
| [২.১] বিআরটি করিডোরের এলিভেটেড অংশ নির্মাণ | [২.১.১] সম্পাদিত ভৌত নির্মাণ কাজ | প্রকল্প দপ্তর, বিআরটি প্রকল্প | প্রকল্প হতে প্রাপ্ত অগ্রগতি প্রতিবেদন ও PSC/PIC সভার কার্যবিবরণী |
| | [২.১.২] এপিএ টিম/ সংশ্লিষ্ট প্রকল্প মনিটরিং টিম কর্তৃক বিআরটি করিডোরের এলিভেটেড অংশ নির্মাণের ভৌত ও আর্থিক কার্যক্রম পরিদর্শন সম্পাদিত | এপিএ টিম/সংশ্লিষ্ট প্রকল্প মনিটরিং টিম | পরিদর্শন প্রতিবেদনের কপি |
| [২.২] কর্ণফুলী টানেল নির্মাণ | [২.২.১] সম্পাদিত ভৌত নির্মাণ কাজ | প্রকল্প দপ্তর, কর্ণফুলী টানেল নির্মাণ প্রকল্প | প্রকল্প হতে প্রাপ্ত অগ্রগতি প্রতিবেদন ও PSC/PIC সভার কার্যবিবরণী |
| | [২.২.২] উভয় প্রান্তের টানেল এপ্রোচ সড়কের সম্পাদিত ভৌত নির্মাণ কাজ | প্রকল্প দপ্তর, কর্ণফুলী টানেল নির্মাণ প্রকল্প | প্রকল্প হতে প্রাপ্ত অগ্রগতি প্রতিবেদন ও PSC/PIC সভার কার্যবিবরণী |
| | [২.২.৩] এপিএ টিম/ সংশ্লিষ্ট প্রকল্প মনিটরিং টিম কর্তৃক কর্ণফুলী টানেল নির্মাণ প্রকল্পের ভৌত ও আর্থিক কার্যক্রম পরিদর্শন সম্পাদিত | এপিএ টিম/সংশ্লিষ্ট প্রকল্প মনিটরিং টিম | পরিদর্শন প্রতিবেদনের কপি |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [২.৩] কচুয়া-বেতাগী-পটুয়াখালী-সড়কে পায়রা সেতু নির্মাণ | [২.৩.১] নির্মাণ তদারকি কাজের পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক Inception রিপোর্ট দাখিলকৃত | প্রকল্প দপ্তর, কচুয়া-বেতাগী-পটুয়াখালী সড়কে পায়রা সেতু নির্মাণ প্রকল্প | প্রকল্প হতে প্রাপ্ত অগ্রগতি প্রতিবেদন ও PSC/PIC সভার কার্যবিবরণী |
| | [২.৩.২] ভৌত নির্মাণ কাজের চুক্তি সম্পাদিত | প্রকল্প দপ্তর, কচুয়া-বেতাগী-পটুয়াখালী সড়কে পায়রা সেতু নির্মাণ প্রকল্প | প্রকল্প হতে প্রাপ্ত অগ্রগতি প্রতিবেদন ও PSC/PIC সভার কার্যবিবরণী |
| | [২.৩.৩] এপিএ টিম/ সংশ্লিষ্ট প্রকল্প মনিটরিং টিম কর্তৃক পায়রা সেতু নির্মাণ প্রকল্পের ভৌত ও আর্থিক কার্যক্রম পরিদর্শন সম্পাদিত | এপিএ টিম/সংশ্লিষ্ট প্রকল্প মনিটরিং টিম | পরিদর্শন প্রতিবেদনের কপি |
| [২.৪] পঞ্চবটি হতে মুক্তারপুর সেতু পর্যন্ত সড়ক প্রশস্তকরণ ও দোতলা রাস্তা নির্মাণ | [২.৪.১] RAP ও LAP Implementation এর Consultant(NGO) নিয়োজিত | প্রকল্প দপ্তর, পঞ্চবটি হতে মুক্তারপুর সেতু পর্যন্ত সড়ক প্রশস্তকরণ ও দোতলা রাস্তা নির্মাণ প্রকল্প | প্রকল্প হতে প্রাপ্ত অগ্রগতি প্রতিবেদন ও PSC/PIC সভার কার্যবিবরণী |
| | [২.৪.২] ভৌত নির্মাণ তদারকি কাজের পরামর্শক প্রতিষ্ঠান নিয়োজিত | প্রকল্প দপ্তর, পঞ্চবটি হতে মুক্তারপুর সেতু পর্যন্ত সড়ক প্রশস্তকরণ ও দোতলা রাস্তা নির্মাণ প্রকল্প | প্রকল্প হতে প্রাপ্ত অগ্রগতি প্রতিবেদন ও PSC/PIC সভার কার্যবিবরণী |
| | [২.৪.৩] ভৌত নির্মাণ কাজের ঠিকাদার নিয়োজিত | প্রকল্প দপ্তর, পঞ্চবটি হতে মুক্তারপুর সেতু পর্যন্ত সড়ক প্রশস্তকরণ ও দোতলা রাস্তা নির্মাণ প্রকল্প | প্রকল্প হতে প্রাপ্ত অগ্রগতি প্রতিবেদন ও PSC/PIC সভার কার্যবিবরণী |
| [২.৫] কিশোরগঞ্জ জেলার মিঠামইন উপজেলা হতে করিমগঞ্জ উপজেলা পর্যন্ত উড়াল সড়ক নির্মাণ | [২.৫.১] খসড়া চূড়ান্ত সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদন দাখিলকৃত | কারিগরী অনুবিভাগ, সড়ক শাখা | দাখিলকৃত সমীক্ষা প্রতিবেদন অগ্রায়নের কপি |
| [২.৬] ভুলতা-আড়াইহাজার-বাঞ্চারামপুর সড়কে মেঘনা নদীর উপর সেতু নির্মাণ | [২.৬.১] ভূমি অধিগ্রহণ পরিকল্পনা প্রণীত | প্রকল্প দপ্তর, ভুলতা-আড়াইহাজার-বাঞ্চারামপুর সড়কে মেঘনা নদীর উপর সেতু নির্মাণ প্রকল্প | প্রকল্প হতে প্রাপ্ত অগ্রগতি প্রতিবেদন ও PSC/PIC সভার কার্যবিবরণী |
| [২.৬] ভুলতা-আড়াইহাজার-বাঞ্চারামপুর সড়কে মেঘনা নদীর উপর সেতু নির্মাণ | [২.৬.২] পুনর্বাসন পরিকল্পনা প্রণীত | প্রকল্প দপ্তর, ভুলতা-আড়াইহাজার-বাঞ্চারামপুর সড়কে মেঘনা নদীর উপর সেতু নির্মাণ প্রকল্প | প্রকল্প হতে প্রাপ্ত অগ্রগতি প্রতিবেদন ও PSC/PIC সভার কার্যবিবরণী |
| | [২.৬.৩] এলাইনমেন্ট চূড়ান্তকৃত | প্রকল্প দপ্তর, ভুলতা-আড়াইহাজার-বাঞ্চারামপুর সড়কে মেঘনা নদীর উপর সেতু নির্মাণ প্রকল্প | প্রকল্প হতে প্রাপ্ত অগ্রগতি প্রতিবেদন ও PSC/PIC সভার কার্যবিবরণী |
| [২.৭] মেঘনা নদীর উপর শরীয়তপুর-চাঁদপুর সড়কে ও মুন্সীগঞ্জ-গজারিয়া সড়কে সেতু নির্মাণের সম্ভাব্যতা সমীক্ষা | [২.৭.১] Inception Report দাখিলকৃত | প্রকল্প দপ্তর, বিভিন্ন সেতু নির্মাণে সম্ভাব্যতা সমীক্ষা পরিচালনা ও বাসেকের মাস্টারপ্ল্যান প্রণয়ন প্রকল্প | দাখিলকৃত প্রতিবেদন অগ্রায়নের কপি |
| [৩.১] সাপোর্ট টু ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্পের ভূমি অধিগ্রহণ ও পুনর্বাসন কার্যক্রম | [৩.১.১] পুর্নবাসন ভিলেজ নির্মাণ কাজ সম্পাদিত | প্রকল্প দপ্তর, সাপোর্ট টু ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্প | প্রকল্প হতে প্রাপ্ত অগ্রগতি প্রতিবেদন ও PSC/PIC সভার কার্যবিবরণী |
| | [৩.১.২] এপিএ টিম/ সংশ্লিষ্ট প্রকল্প মনিটরিং টিম কর্তৃক সাপোর্ট টু ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্পের ভৌত ও আর্থিক কার্যক্রম পরিদর্শন সম্পাদিত | এপিএ টিম/সংশ্লিষ্ট প্রকল্প মনিটরিং টিম | পরিদর্শন প্রতিবেদনের কপি |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [৩.২] ঢাকা আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ | [৩.২.১] ড্রাফট ডিটেইল ডিজাইন কাজ সম্পাদিত | প্রকল্প দপ্তর, ঢাকা আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ প্রকল্প | প্রকল্প হতে প্রাপ্ত অগ্রগতি প্রতিবেদন ও PSC/PIC সভার কার্যবিবরণী |
| | [৩.২.২] ডিটেইল ডিজাইনের জন্য Subsoil Investigation কাজ সম্পাদিত | প্রকল্প দপ্তর, ঢাকা আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ প্রকল্প | প্রকল্প হতে প্রাপ্ত অগ্রগতি প্রতিবেদন ও PSC/PIC সভার কার্যবিবরণী |
| | [৩.২.৩] এপিএ টিম/ সংশ্লিষ্ট প্রকল্প মনিটরিং টিম কর্তৃক ঢাকা আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্পের ভৌত ও আর্থিক কার্যক্রম পরিদর্শন সম্পাদিত | এপিএ টিম/সংশ্লিষ্ট প্রকল্প মনিটরিং টিম | পরিদর্শন প্রতিবেদনের কপি |
| [৩.৩] ঢাকা সাবওয়ে নির্মাণ | [৩.৩.১] সম্ভাব্যতা সমীক্ষা কাজ সম্পাদিত | প্রকল্প দপ্তর, ঢাকা সাবওয়ে নির্মাণের সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্প | প্রকল্প হতে প্রাপ্ত অগ্রগতি প্রতিবেদন ও PSC/PIC সভার কার্যবিবরণী |
| [৪.১] মুজিববর্ষ উদযাপন উপলক্ষ্যে গৃহীত পদক্ষেপ | [৪.১.১] বঙ্গবন্ধু সেতুর পশ্চিম টোল প্লাজায় মোটর সাইকেলের জন্য পৃথক দুটি লেন প্রস্তুতকৃত | কারিগরী অনুবিভাগ, সেতু শাখা | সংশ্লিষ্ট পত্র, ছবি |
| [৪.২] প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি | [৪.২.১] সমসাময়িক বিষয় নিয়ে লার্নিং সেশন/প্রশিক্ষণ/সেমিনার/ওয়ার্কশপ আয়োজিত | প্রকল্প দপ্তর, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের মানব সম্পদ উন্নয়ন ও সক্ষমতা বৃদ্ধি প্রকল্প | প্রশিক্ষণের হাজিরা |
| | [৪.২.২] এপিএ টিমের কর্মকর্তাদের দেশে/বিদেশে প্রশিক্ষণ ও শিক্ষা সফরে প্রেরিত | প্রশাসন অনুবিভাগ, প্রশাসন শাখা | সংশ্লিষ্ট অফিস আদেশ |
| | [৪.২.৩] বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | প্রশাসন অনুবিভাগ, এস্টেট শাখা | সংশ্লিষ্ট শাখা হতে প্রেরিত প্রত্যয়নপত্র |
| | [৪.২.৪] সেতু ভবনের সার্ভেইল্যান্স সিস্টেম উন্নীতকরণের কাজ সম্পাদিত | প্রশাসন অনুবিভাগ, আইসিটি সেল | সংশ্লিষ্ট শাখা হতে প্রেরিত প্রত্যয়নপত্র |
| | [৪.২.৫] সেতুর টোল হার নির্ধারণ/পুনঃনির্ধারণকৃত | প্রশাসন অনুবিভাগ, প্রশাসন শাখা | সংশ্লিষ্ট পত্র |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| বিআরটি করিডোরের এলিভেটেড অংশ নির্মাণ | সম্পাদিত ভৌত নির্মাণ কাজ | সড়ক ও জনপথ অধিদপ্তর | যৌথ পরিবীক্ষণের মাধ্যমে |
| বঙ্গবন্ধু সেতু ও সংযোগ সড়কের রক্ষণাবেক্ষণ, নিরাপত্তা ও উন্নয়ন কার্যক্রম | বঙ্গবন্ধু সেতুর নদীশাসন ও অন্যান্য কার্যক্রম পরিদর্শন সম্পাদিত | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | যৌথ পরিদর্শনের মাধ্যমে |

**সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ**